

# কৃষি গুচ্ছের আট বিশ্ববিদ্যালয়ের প্রথম ধাপের ভর্তি শেষ আজ

অনলাইন  
ডেস্ক

০৩  
সেপ্টেম্বর,  
২০২৩  
১০:০১

শেয়ার

অ +

অ -



কৃষি বিজ্ঞানে ডিগ্রি প্রদানকারী আটটি বিশ্ববিদ্যালয়ের ২০২২-২৩

শিক্ষাবর্ষের জন্য নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তির প্রাথমিক ধাপ শেষ হচ্ছে

আজ রবিবার (৩ সেপ্টেম্বর)। এর আগে ২৫ আগস্ট কৃষি গুচ্ছের

ওয়েবসাইটে প্রথম বিষয়ভিত্তিক মেধাতালিকা প্রকাশ করা হয়। ২৭ আগস্ট

শুরু হয় ভর্তি প্রক্রিয়া।

জানা গেছে, ৩ সেপ্টেম্বরের মধ্যে নির্ধারিত ফি জমা দিয়ে ভর্তির প্রাথমিক

ধাপ সম্পন্ন করতে হবে।

মনোনীত শিক্ষার্থীরা পরে সশরীরে নিজ বিশ্ববিদ্যালয়ে ভর্তি সম্পন্ন করবে।

যদি কেউ ভর্তি নিশ্চায়ণ না করে তবে পরবর্তীতে অটোমাইগ্রেশনের

ভিত্তিতে অপেক্ষমান তালিকা থেকে ভর্তি নেওয়া হবে।

কেন্দ্রীয় ভর্তি কমিটির বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ভর্তি প্রার্থিতা নিশ্চিত করার জন্য ভর্তি পরীক্ষার ওয়েবসাইটে (acas.edu.bd) গিয়ে অনলাইন ফরমের নির্ধারিত স্থানের প্রদত্ত নির্দেশনা মোতাবেক মোবাইল ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং, ডেবিট কার্ড, ক্রেডিট কার্ডের যেকোনো একটির মাধ্যমে ভর্তি ফি এর প্রথম অংশ ১০ হাজার টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তির প্রাথমিক ধাপ সম্পন্ন করতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে অর্থ জমা না দিলে ওই আসন শূন্য গণনা করে অপেক্ষমান তালিকার প্রার্থীদের সুযোগ দেওয়া হবে।

শূন্য আসনের জন্য (যদি থাকে) প্রথম অটো মাইগ্রেশন স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে। প্রার্থী চাইলে অটোমাইগ্রেশন বন্ধ করতে পারবে। তবে একবার অটো মাইগ্রেশন বন্ধ করলে তা পুনরায় চালু করা যাবে না।

প্রথম অটোমাইগ্রেশন সম্পন্ন করার পর শূন্য আসনের জন্য (যদি থাকে) অপেক্ষমান তালিকার প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী প্রাপ্ত ডিগ্রি/বিষয় ও বিশ্ববিদ্যালয়ের নামসহ ফলাফল আগামী ৮ সেপ্টেম্বরে প্রকাশ করা হবে।

